২৮

"শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের "নৈতিকতা কমিটির" ২৫/০৮/২০১৯ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | কামরুন নাহার<br>সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ২৫/০৮/২০১৯ খ্রি। |
| সময় | : | বিকাল ৪:০০ ঘটিকা। |
| স্থান | : | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে (কক্ষ নং-৩২৩, ভবন নং-০৬, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-ক। |

সভাপতি মহোদয় সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে নৈতিকতা কমিটির সদস্য-সচিব উপসচিব (প্রশাসন-১) এ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৯-২০ সভায় উপস্থাপন করেন। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| (ক) | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের NIS Focal Point অতিরিক্ত সচিব (প্রশাসন) সভাকে অবহিত করেন যে, মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mowca.gov.bd) দেয়া আছে। তিনি বলেন কর্মপরিকল্পনায় প্রত্যেক শাখা এবং অধিশাখার কাজ নির্ধারিত রয়েছে তা নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পন্ন করা প্রয়োজন। তা-না হলে কর্মপরিকল্পনা বাস্তবায়নে মন্ত্রণালয় পিছিয়ে পড়তে পারে। সভাপতি মহোদয় যথাসময়ে মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০ বাস্তবায়ন করার অভিমত ব্যক্ত করেন। এ লক্ষ্যে মন্ত্রণালয়ের সকল দপ্তর/ সংস্থা/ শাখা কর্তৃক Time bound action plan এর মাধ্যমে যথাসময়ে কাজ সম্পন্ন করত: বাস্তবায়ন প্রতিবেদন, ত্রৈমাসিক সময়সীমা শেষ হওয়ার পর পরই NIS Focal Point এর নিকট দাখিল করা প্রয়োজন। | মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০ অনুযায়ী সকল দপ্তর/ সংস্থার প্রধান এবং মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা তাঁর দপ্তর/ শাখা সংশ্লিষ্ট কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করত: ত্রৈমাসিক বাস্তবায়ন প্রতিবেদন ত্রৈমাসিক সময়সীমা শেষ হওয়ার পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে NIS Focal Point এর নিকট দাখিল করবেন। | * মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর<br>*নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা<br>*পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী<br>*উপসচিব/ সিনিয়র সহকারী সচিব/ সহকারী সচিব (সকল), মশিবিম |
| (খ) | কাজের স্বচ্ছতা, জবাবদিহিতা, গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর, সংস্থা ও একাডেমী কর্তৃক পরিচালিত প্রকল্প/ কর্মসূচি/ কার্যক্রমসমূহ ই-মনিটরিং এবং সরজমিনে পরিদর্শনের বিষয়ে আলোচনা হয়। | কাজের স্বচ্ছতা, জবাবদিহিতা, গতিশীলতা বৃদ্ধির লক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর, সংস্থা ও একাডেমী কর্তৃক পরিচালিত প্রকল্প/ কর্মসূচি/ কার্যক্রমসমূহ সরেজমিনে পরিদর্শন ও ই-মনিটরিং জোরদার করতে হবে। | * অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম<br>* মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর<br>*নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা<br>*পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী<br>*প্রোগ্রামার/ সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| (গ) | বিভিন্ন সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচি এবং বাল্যবিবাহ, যৌতুক, নারী ও শিশু নির্যাতনের বিরুদ্ধে দপ্তর/সংস্থা কর্তৃক গণশুনানীর আয়োজন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। গণশুনানীতে সাধারন জনগণ, সুশীল সমাজ এবং সরকারি কর্মকর্তারা উপস্থিত থাকতে পারেন। এতে কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি পাবে। | সামাজিক নিরাপত্তামূলক কর্মসূচি অবহিতকরণ এবং বাল্যবিবাহ, যৌতুক, নারী ও শিশু নির্যাতনের বিরুদ্ধে মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা ও বাংলাদেশ শিশু একাডেমী সাধারন জনগণ, সুশীল সমাজ এবং সরকারি কর্মকর্তাদের উপস্থিতিতে গণশুনানীর আয়োজন করবে। | * মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর<br>*নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা<br>*পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী |

| ক্রমিক | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| (ঘ) | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা ও বাংলাদেশ শিশু একাডেমীর প্রশিক্ষণ ক্যালেন্ডারে জাতীয় শুদ্ধাচার বিষয়টি অন্তর্ভুক্তকরণের বিষয়ে আলোচনা হয়।<br>এছাড়া বাংলাদেশ শিশু একাডেমী কর্তৃক পরিচালিত বিভিন্ন কোর্স এবং প্রাক-প্রাথমিক সেন্টারে শুদ্ধাচার বিষয়ে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে বিস্তারিত আলোচনা হয়। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় এবং মহিলা বিষয়ক অধিদপ্তর, জাতীয় মহিলা সংস্থা ও বাংলাদেশ শিশু একাডেমীর প্রশিক্ষণ ক্যালেন্ডারে জাতীয় শুদ্ধাচার বিষয় অন্তর্ভুক্তকরণ করতে হবে। | * অতিরিক্ত সচিব (প্রশাসন), মশিবিম<br>* মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর<br>*নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা<br>* ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন<br>*উপসচিব (প্রশিক্ষণ), মশিবিম<br>*পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী |
| (ঙ) | উপসচিব (প্রশাসন-১) জনাব মোহাম্মদ ইয়াসিন খান মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৯-২০২০ অর্থ বছরের উত্তম চর্চা (Best Practices)'র খসড়া তালিকা সভায় উপস্থাপন করেন। উক্ত তালিকা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিম্নোক্ত উত্তম চর্চাসমূহ বাস্তবায়নের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়:<br>১ম কোয়ার্টার (জুলাই-সেপ্টেম্বর/২০১৯)-এ বাস্তবায়িতব্যঃ<br>(ক) ডেঙ্গু, চিকুনগুনিয়া, ম্যালেরিয়াসহ অন্যান্য রোগ প্রতিরোধে অফিস ভবন ও বাসা বাড়ীর আঙ্গিনা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা;<br>(খ) ওয়াসরুমের পরিবেশ উন্নত করা ও ময়লা আবর্জনা নির্দিষ্ট ডাষ্টবিনে ফেলা;<br>(গ) বিদ্যুৎ সাশ্রয়ের জন্য অফিস কিংবা বাসায় বিনা প্রয়োজনে লাইট/ ফ্যানের সুইচ বন্ধ রাখা।<br>২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর/২০১৯)- এ বাস্তবায়িতব্যঃ<br>(ক) অগ্নিকাণ্ডের সময় Fire extinguisher ও Fire exit ব্যবহার নিশ্চিত করা এবং Indicator-সমূহ (নির্দেশক চিহ্ন) ব্যবহার করা ;<br>(খ) নাগরিক কাজে অন-লাইন রেফারেন্স সিস্টেম (ই মেইল/ এস এম এস) এর ব্যবহার নিশ্চিত করা;<br>(গ) সোশ্যাল মিডিয়ার ব্যবহার করে নাগরিক সমস্যা সমাধানের নিমিত্ত এ মন্ত্রণালয়ের অধীন দপ্তর, সংস্থা ও একাডেমীর জন্য ফেসবুক পেজ চালু করা;<br>৩য় কোয়ার্টার (জানুয়ারী-মার্চ/২০২০)-এ বাস্তবায়িতব্যঃ<br>(ক) বয়োজ্যেষ্ঠ নাগরিক, নারীদের যথাযোগ্য সম্মান প্রদর্শন এবং শিশুদের প্রতি স্নেহসুলভ আচরণ করা;<br>(খ) সকল পর্যায়ের কর্মকর্তা নিজ অফিস ব্যতীত অন্য কোন অফিস/ সভায় যাওয়ার সিডিউল থাকলে তার কার্যালয়ের web site এর Notice Board এ প্রকাশের পর অফিস ত্যাগ করা;<br>৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন/২০২০)-এ বাস্তবায়িতব্যঃ<br>(ক) সেবা গ্রহীতাদের দ্রুত সেবা প্রদান ও তাদের সাথে সৌজন্যমূলক আচরণ করা; এবং<br>(খ) নারী ও শিশু নির্যাতন প্রতিরোধে স্টিকার/ লিফলেট ছাপানো এবং বিলি করা। | * মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর<br>*নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা<br>* ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন<br>*পরিচালক, বাংলাদেশ শিশু একাডেমী<br>* সিনিয়র সহকারী সচিব (প্রশা-২), মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |

০২। সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষর) ০৭/১০/২০১৯

(কামরুন নাহার)
সচিব